ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*******

স-১৬০৬

আগরতলা, ৭ জুলাই, ২০২৫

**রাজ্যের সার্বিক বিকাশ ও পরিকাঠামোগত সমস্যা নিরসনে ষোড়শ অর্থ কমিশনের কাছে পর্যাপ্ত আর্থিক সুবিধার দাবি জানালেন অর্থমন্ত্রী**

ষোড়শ অর্থ কমিশনের উদ্যোগে আজ নতুন দিল্লিতে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিষয়ে এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণ করে রাজ্যের অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের পরিকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তা বিস্তারিতভাবে তুলে ধরেন ও এডিসি এলাকার সার্বিক উন্নয়ের জন্য ষোড়শ অর্থ কমিশনকে বিশেষ অনুদান প্রদানের আহ্বান জানান। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় রাজ্যের পরিকাঠামোগত ঘাটতি বিশেষত বর্ষার সময়ে সড়ক ও রেল যোগাযোগের ক্ষেত্রে প্রতিবন্ধকতার কথা তুলে ধরে অতিরিক্ত অর্থ বরাদ্দ করার আহ্বান জানান।

তিনি ফরেস্ট্রি এবং ইকোলজি-র ক্ষেত্রে ২০ শতাংশ অর্থ বরাদ্দের আহ্বান জানান। পাশাপাশি কৃষি, মৎস্য, ক্ষুদ্র লঘু ও মাঝারি শিল্প এবং রাজ্যে পর্যটন শিল্পের বিকাশেও বিশেষ অনুদানের দাবি জানান। সভায় অর্থমন্ত্রী রাজ্যের উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত যাবতীয় তথ্য তুলে ধরেন। সেইসাথে রাজ্যের সার্বিক বিকাশ ও পরিকাঠামোগত সমস্যা নিরসনে ষোড়শ অর্থ কমিশনের কাছে পর্যাপ্ত আর্থিক সুবিধার দাবি জানান। ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের জন্য স্পেশাল গ্রান্টের সুযোগ সৃষ্টি করার বিষয়টি এদিন অর্থ কমিশনের কাছে তুলে ধরেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। রাজ্যের সার্বিক বিকাশের স্বার্থে বিভিন্ন দাবিদাওয়ার মধ্যে এটি অন্যতম। এছাড়াও রাজ্যে মাছের উৎপাদনের বৃদ্ধির লক্ষ্যে মৎস্য ক্ষেত্রের পরিকাঠামো তৈরির জন্য অর্থ কমিশনকে বিশেষ অনুদান প্রদানের আহ্বান জানান অর্থমন্ত্রী। তাছাড়া এদিন অর্থমন্ত্রী অন্যান্য বিভিন্ন দাবিদাওয়ার মধ্যে স্পেশাল ইনফ্রাস্ট্রাকচার ফান্ডের কথা তুলে ধরেন।

সভায় রাজ্যের অন্যান্য সমস্যা সংক্রান্ত আলোচনায় মাদক পাচারের বিষয়টিও উঠে আসে এবং তা মোকাবিলার জন্য সীমান্ত এলাকায় অতিরিক্ত পুলিশ বাহিনী মোতায়েন করার উপর গুরুত্ব আরোপ করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। রাজ্যের অর্থ ব্যবস্থা ও রাজস্ব আদায়ের বিষয়টি ভারত ও বাংলাদেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক ও আমদানি রপ্তানির উপর অনেকাংশেই নির্ভরশীল। এক্ষেত্রে বাংলাদেশের বর্তমান অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি রাজ্যের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের ক্ষেত্রে বাধা সৃষ্টি করছে বলেও ষোড়শ অর্থ কমিশনের কাছে তুলে ধরেন অর্থমন্ত্রী। পাশাপাশি সে দেশের বর্তমান পরিস্থিতি রাজ্যে মেডিকেল ট্যুরিজম এর ক্ষেত্রেও প্রতিবন্ধকতা সৃষ্টি করছে বলে জানান অর্থমন্ত্রী। সার্বিক পরিস্থিতির বিবেচনা করে রাজ্যের বর্তমান রাজস্ব ঘাটতির দিকটিকে বিশেষ গুরুত্ব সহ দেখার জন্য অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ষোড়শ অর্থ কমিশনের কাছে দাবি জানান। অর্থ দপ্তরের পক্ষ থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।

******